



# সরকারী নির্দেশিকা অগ্নি এবং জীবন সুরক্ষা

## ভিতর

2

অপংকালীন পরিস্থিতি  
ও অগ্নি-নির্বাপকগুলি

4

একটি কার্যকরী ধোঁয়া/কার্বন-  
মনোক্সাইড অ্যালার্ম রাখুন

6

প্রস্থানের পরিকল্পনার মূল  
বিষয়গুলি

8

আপনি যে ধরণের বিল্ডিংয়ে  
থাকেন তার সম্পর্কে জানুন

10

আগুন লাগার প্রধান চারটি  
কারণ এড়িয়ে চলুন

13

জানুন কী করতে হবে যদি...

14

ঝুঁকিতে থাকা মানুষজন

15

মরশুমি নিরাপত্তা

16

আমাদের প্রস্থানের পরিকল্পনার ম্যাপ



স্ক্যান করুন অথবা এখানে যান  
**FDNYSmart.org**  
ভিডিও এবং আরও অনেক কিছুর জন্য!

আরও সুরক্ষার টিপস পেতে অনুসরণ করুন:  
**@FDNY**



FDNYSmart হল FDNY ফাউন্ডেশন এবং  
তার সহযোগীদের একটি উদ্যোগ। আরও জানুন  
এখান থেকে **fdnyfoundation.org**

## আপংকালীন পরিস্থিতি ও অগ্নি-নির্বাণকগুলি

### 911 নম্বরে ফোন করুন

আগুন, ধোঁয়া, গ্যাসের গন্ধ বা চিকিৎসা জরুরী অবস্থা সহ জীবন বা সম্পত্তির জন্য হুমকির সম্মুখীন হলে 911 ডায়াল করুন। এটি গুরুত্বপূর্ণ 911 নম্বরে কল করা গুরুত্বপূর্ণ, কারণ পরিস্থিতি দ্রুত খারাপ হতে পারে।

911-এ ফোন করার সময়...

**শান্ত থাকুন। আপনার অবস্থান জানুন।**

আপনি কোথায় আছেন তা না জানলে, বিল্ডিং, ল্যান্ডমার্ক এবং রাস্তার চিহ্ন খুঁজুন।

**ডেসপ্যাচারের প্রশ্নের উত্তর দিন।**

আপনার কী ধরনের সাহায্য প্রয়োজন এবং কাকে সাহায্যের জন্য পাঠানো উচিত তা স্থির করতে আপনার উত্তরগুলো সাহায্য করবে।

**নির্দেশ পালন করুন।**

ডেসপ্যাচার প্রশিক্ষণ পেয়েছেন কীভাবে প্রাথমিক চিকিৎসা দিতে হয়, অন্যদিকে আপনার কাছে সাহায্য পৌঁছানোর জন্য বেরিয়ে পড়েছে।



মনে রাখবেন: 911 নম্বরে ফোন করবেন কেবলমাত্র আপংকালীন পরিস্থিতিতে!

# অগ্নি-নির্বাচকগুলি

পোর্টেবল অগ্নি নির্বাচক যন্ত্রগুলি বাড়ির নিরাপত্তার একটি গুরুত্বপূর্ণ অংশ হতে পারে।

সবচেয়ে গুরুত্বপূর্ণ, ব্যবহারকারীদের অবশ্যই বুঝতে হবে কীভাবে এবং কখন একটি অগ্নি নির্বাচক যন্ত্র ব্যবহার করতে হবে। অনুপযুক্ত ব্যবহারের ফলে আগুন ছড়িয়ে পড়তে পারে, গুরুতর আঘাত বা মৃত্যুর কারণ হতে পারে।

**আগুন স্থলতে স্থালানী, অক্সিজেন এবং তাপ প্রয়োজন।**

সঠিকভাবে ব্যবহার করা হলে, একটি অগ্নি নির্বাচক যন্ত্র একটি উপযুক্ত এজেন্ট প্রয়োগ করে যা স্থলন্ত স্থালানীকে ঠান্ডা করে বা তার থেকে অক্সিজেনকে সরিয়ে দেয় যাতে আগুন স্থলতে না পারে।

**নির্দিষ্ট প্রকারের আগুনের জন্য উপযুক্ত ধরনের নির্বাচক যন্ত্র ব্যবহার করতে হবে।**

পোর্টেবল অগ্নি নির্বাচক নির্দিষ্ট কিছু ব্যবহারের জন্য শ্রেণীবদ্ধ করা হয় আগুনের ধরনের প্রকার অনুযায়ী এবং তাদের তুলনামূলক নির্বাচক কার্যকারিতার জন্য রেটিংও করা হয়।

## তিনটি শ্রেণীর অগ্নি-নির্বাচক যন্ত্র হয়

### শ্রেণী A

সাধারণ দাহ্যের জন্য  
(কাঠ, কাগজ)

### শ্রেণী B

গ্রিজ, গ্যাসোলিন  
এবং তেলের জন্য

### শ্রেণী C

বৈদ্যুতিক তার  
পোড়ার ক্ষেত্রে

অন্যান্যগুলি সব প্রকারের আগুনের ক্ষেত্রে ব্যবহার করা যায়।

## একটি অগ্নি-নির্বাচককে রেটিং করা হয় 2-A:10-B:C

যা সমস্ত প্রকারের আগুন নেভাতে সক্ষম।


**প্রস্তুতকারকের নির্দেশাবলী মনোযোগ দিয়ে পড়তে ভুলবেন না।**

**নির্বাচক যন্ত্রগুলিকে প্রস্তুতকারকের দ্বারা সরবরাহ করা ব্র্যাকেটগুলিতে** ঝুলিয়ে রাখা উচিত অথবা একটি অ্যাক্সেসযোগ্য তাকে রাখা উচিত, যাতে অপারেটিং নির্দেশাবলী বাইরের দিকে থাকে।

যখন একটি অগ্নি-নির্বাচক ব্যবহার করবেন, তখন মনে করে

এই সংক্ষিপ্ত-রূপগুলি ব্যবহার করবেন

**P A S S**



- P** পিন ধরে টানুন (Pull)
- A** আগুনের গোড়ার দিকে লক্ষ্য স্থির করুন (Aim)
- S** হাতলে চাপ দিন এবং (Squeeze)
- S** পাশাপাশি ঘোরাতে থাকুন (Side-to-side)



## অগ্নি-নির্বাচক যন্ত্র রক্ষণাবেক্ষণ

প্রতি মাসে প্রতিটি সমস্ত অগ্নি-নির্বাচক যন্ত্রগুলি চাক্ষুষ পরীক্ষা করবেন।

- নিশ্চিত করুন যে নির্বাচক যন্ত্রটি সহজে অ্যাক্সেসযোগ্য এবং তা বাধাগ্রস্ত নয়।

- নির্বাচক যন্ত্রের বাইরের অংশে টোল খাওয়া, ফাটল ধরা বা মরচে লাগার মতো কোনও ক্ষতি হয়েছে কিনা তা পরীক্ষা করুন।

- যদি নির্বাচক যন্ত্রটি একটি গেজ দিয়ে রাখা থাকে তবে নিশ্চিত করুন যে সূঁচটি ডায়ালের সবুজ "চার্জ করা" অংশের দিকে নির্দেশ করে।

- নিশ্চিত করুন যে পিন এবং টেম্পার সীল জায়গায় আছে এবং সেগুলি ক্ষতিগ্রস্ত নয়।

- হোজ এবং নজেলটি (যদি তাতে থাকে) পরীক্ষা করুন, যাতে তাতে বাধা না থাকে এবং তাতে ক্ষতি বা বার্ষিকের কোনো চিহ্ন না থাকে।

- যে কোন কম্প্যাক্ট করা নির্বাচক এজেন্টকে আলগা করতে নির্বাচক যন্ত্রটিকে উল্টো দিক করে রাখুন।

- নিশ্চিত করুন যে লেবেলটি যেন সুস্পষ্ট থাকে এবং অগ্নি-নির্বাচক যন্ত্রটি মাউন্ট করার সময় লেবেলটি বাইরের দিকে থাকে।

## একটি কার্যকরী ধোঁয়া/কার্বন-মনোক্সাইড অ্যালার্ম রাখুন

কার্যকরী ধোঁয়া এবং কার্বন-মনোক্সাইডের

(CARBON MONOXIDE, CO) অ্যালার্ম **জীবন বাঁচায়**

আপনার ও আপনার প্রিয়জনকে দ্রুত সংকেত দিয়ে, যে কিছু না কিছু গুণগোল ঘটেছে। আগুন খুব দ্রুত ছড়ায়, এবং কার্বন মনোক্সাইড হল একটি নিঃশব্দ ঘাতক।



কার্যকরী অ্যালার্ম হল  
আপনার প্রস্থানের পরিকল্পনার  
সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান।



সঠিক প্রকারের অ্যালার্ম থাকা নিশ্চিত করুন।

অ্যালার্মগুলি আন্ডাররাইটার্স ল্যাবোরেটরির দ্বারা অনুমোদিত হতে হবে (একটি UL চিহ্ন আছে কিনা দেখে নিন) এবং তার জীবন-শেষের সংকেত যেন ভালো করে শোনা যায়। সমস্ত নতুন এবং প্রতিস্থাপনযোগ্য ধোঁয়া অ্যালার্মের সিল করা একটি 10 বছরের ব্যাটারি থাকা উচিত যা অ-প্রতিস্থাপনযোগ্য এবং অপসারণ করা যাবে না।

ধোঁয়া অ্যালার্ম এবং একটি কার্বন-মনোক্সাইড (CO) অ্যালার্ম উভয়ই রাখুন (অথবা একটি ধোঁয়া/কার্বন-মনোক্সাইড অ্যালার্মের কম্বিনেশন রাখুন)। এক ধরনের অ্যালার্ম অন্যটির বিকল্প নয়।

যদি আপনার অ্যালার্ম এখনও অপসারণযোগ্য ব্যাটারি ব্যবহার করে, এই অ্যালার্মগুলিকে যত তাড়াতাড়ি সম্ভব 10 বছরের সিল করা ব্যাটারি থাকা অ্যালার্ম দিয়ে প্রতিস্থাপন করতে ভুলবেন না।

## অ্যালার্ম লাগানো

- আপনি যেখানে ঘুমান সেখানে এবং বেসমেন্ট সহ আপনার বাড়ির প্রতিটি স্তরে অ্যালার্ম লাগান।
- ছাদে অ্যালার্মগুলি আটকান, বিশেষত ঘরের কেন্দ্রের কাছে, তবে দেওয়াল থেকে 4 ইঞ্চির বেশি দূরত্বে থাকে। যদি অ্যালার্মটি একটি দেওয়ালে লাগানো আবশ্যিক হয়, তবে সেটি ছাদ থেকে 4 থেকে 12 ইঞ্চির মধ্যে স্থাপন করা উচিত।
- আন্তঃসংযুক্ত অ্যালার্মগুলি লাগানোর কথা বিবেচনা করুন, যাতে একটি অ্যালার্ম বাজলে, পরবর্তী সবগুলিই যেন বাজে।

## অ্যালার্মের রক্ষণাবেক্ষণ

- প্রতি মাসে আপনার অ্যালার্ম পরীক্ষা করুন টেস্ট বোতামটি টিপে।
- প্রতি 10 বছরে বা যখন অ্যালার্ম সংকেত দেয় যে সেটির জীবনের শেষ পর্যায়ে পৌঁছেছে এবং প্রতিস্থাপন করা প্রয়োজন, তখন অ্যালার্ম প্রতিস্থাপন করুন।
- নিয়মিত ধূলাবালি পরিষ্কার করে বা ভ্যাকুয়াম করে অ্যালার্মটি পরিষ্কার রাখুন।

## যখন অ্যালার্ম বাজবে

- যদি CO অ্যালার্ম বাজলে, আপনি এবং আপনার পরিবারকে অবিলম্বে বেরিয়ে আসতে হবে এবং 911 নম্বরে কল করতে হবে।
- যদি ধোঁয়া অ্যালার্ম বাজে, আপনার প্রস্থানের পরিকল্পনাটি কার্যকর করতে ভুলবেন না।
- যদি দুর্ঘটনাক্রমে অ্যালার্ম বন্ধ হয়ে যায়, তাহলে হাশ বা রিসেট বোতামটি টিপে অ্যালার্মটি বন্ধ করুন। বাতাস পরিষ্কার করতে জানালা খুলুন এবং ভেন্ট ফ্যান চালু করুন।
- দুর্ঘটনাজনিত অ্যালার্মগুলি প্রায়শই বাথরুমের বাষ্প বা রান্নার বাষ্প দ্বারা ট্রিগার হয়। অ্যালার্মগুলিকে স্থানান্তরিত করার কথা বিবেচনা করুন, যদি সেগুলি প্রায়শই দুর্ঘটনাক্রমে বাজতে শুরু করে।



যারা শ্রবণশক্তিহীন বা  
বধির তাদের জন্য বিশেষ  
অ্যালার্ম লাগানো উচিত।  
স্ট্রোব লাইট এবং বেড  
শেকারও পাওয়া যায়।



একটি অ্যালার্মের উদাহরণ  
যেটিতে 10-বছরের সিল  
করা ব্যাটারি আছে।

### সত্য


সাম্প্রতিক বছরগুলিতে, অগ্নিকাণ্ডে 70% মৃত্যুর ঘটনা  
ঘটেছে সেই বাড়িগুলিতে যেখানে কোনও কার্যকরী  
ধোঁয়া/কার্বন-মনোক্সাইড অ্যালার্ম ছিল না।

যখন আপনার বাড়িতে ধোঁয়া/কার্বন-মনোক্সাইড  
অ্যালার্ম লাগানো থাকে, তখন আগুনে পুড়ে মৃত্যুর  
ঝুঁকি অর্ধেক কমে যায়।

মনে রাখবেন: কেবলমাত্র কার্যকরী অ্যালার্মই জীবন বাঁচায়!

## প্রস্থানের পরিকল্পনার মূল বিষয়গুলি

16 পৃষ্ঠায় আপনার নিজস্ব ম্যাপ তৈরি করুন



আপনার বাড়িতে ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড (CO) অ্যালার্ম থাকা ছাড়াও, আপৎকালীন পরিস্থিতিতে একটি প্রস্থানের পরিকল্পনা থাকাও অপরিহার্য। আপনার পরিবারের প্রত্যেকের উচিত পরিকল্পনাটি তৈরি করতে এবং সেটি নিয়মিত অনুশীলনে সহায়তা করা। **আপনার প্রস্থানের পরিকল্পনা প্রক্রিয়ার অংশ হিসাবে, আপনি একটি অগ্নিরোধী বা অ-অগ্নিরোধী, কোন প্রকারের বিল্ডিংয়ে থাকেন, সেটি আপনি জানেন কিনা তা নিশ্চিত করুন।** একটি বিল্ডিং-কার্ঠাসো অগ্নিরোধী বা অ-অগ্নিরোধী কিনা তা জানা আপনার বিল্ডিংয়ে আগুনের পরিস্থিতির উপর নির্ভর করে সেখানে আপনার থাকা বা যাওয়া উচিত কিনা তা নির্ধারণ করতে সহায়তা করবে। **আপৎকালীন অবস্থার সময় ফায়ার ডিপার্টমেন্টের কর্মীদের নির্দেশাবলী সর্বদা শুনুন।**

**মনে রাখবেন: আগুনের ক্ষেত্রে নিজেকে যথাসম্ভব মাথা নিচু করে ও বাইরের দিকে যেতে থাকুন!**

## পরিকল্পনা

আপনার বাড়ির মধ্য দিয়ে হাটুন এবং সমস্ত সম্ভাব্য প্রস্থান পথগুলি খুঁটিয়ে দেখুন। নিশ্চিত করুন সকল পালানোর পথ এবং হলওয়ে বিশুদ্ধতা এবং জিনিসপত্র জমিয়ে রাখা থেকে পরিষ্কার আছে। আপনার বাড়ির একটি ফ্লোর প্ল্যান আঁকুন এবং প্রতিটি ঘুমানোর জায়গার জন্য দুটি প্রস্থানের পথ বিবেচনা করুন। আপনি যদি তিন বা ততোধিক ইউনিট সহ একটি অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ে থাকেন তবে তার ফায়ার সেফটি প্ল্যান (অগ্নি-নিরাপত্তা পরিকল্পনা) পর্যালোচনা করুন।

- একটি প্রাথমিক এবং দ্বিতীয় প্রস্থানের পথ সনাক্ত করতে ভুলবেন না।

- আপনার বাড়ির সবাইকে শেখান কীভাবে জানালা, দরজা এবং সমস্ত নিরাপত্তা ডিভাইস আনলক করতে ও খুলতে হয়।

- পরিবারের সকল সদস্যদের প্রস্থান করার সময় তাদের পিছনে দরজা বন্ধ করতে মনে করিয়ে দিন।

- পরিবারের সদস্যদের মনোনিীত করুন যারা শিশু বা বয়স্কদের জাগাবে।

- আপনার বাড়ির বাইরে একটি মিটিং প্লেসে ঠিক করে রাখুন।

- নিরাপদ স্থানে একবার 911 কল করার গুরুত্বের উপর জোর দিন।

- মনে রাখবেন, ফায়ার এক্সপেক্টে, সেকেন্ডারি এক্সপেক্টে হিসেবে ব্যবহার করা যেতে পারে।

# অনুশীলন করুন


বাহির

বাড়ির আগনের-ড্রিল  
বাস্তবসম্মত করে তুলুন। যেহেতু  
বেশিরভাগ আগুন রাতের দিকে  
ঘটে, তাই ঘুমের জায়গাগুলিতে  
ড্রিল শুরু করুন এবং আপনার  
বাড়িটিকে অন্ধকার করে দিন যেন  
কল্পনা করা যায় যে সেটি ধোঁয়ায়  
ভরা।

- ধোঁয়া অ্যালার্মের শব্দ দিয়ে ড্রিল  
শুরু করুন।

- হামাগুড়ি দিয়ে নিচু হয়ে ধোঁয়া  
থেকে প্রস্থান অভ্যাস করুন।

- আপনার বাড়ির বাইরে আপনার  
নির্ধারিত মিটিং প্লেস পর্যন্ত  
শুরু থেকেই আপনার প্রস্থানের  
পরিকল্পনা অনুসরণ করুন।



NYC ফায়ার কোড অনুযায়ী তিন বা ততোধিক  
আবাসিক ইউনিট সহ আবাসিক অ্যাপার্টমেন্ট  
বিল্ডিংগুলির ক্ষেত্রে একটি নিজস্ব অগ্নি-সুরক্ষা  
পরিকল্পনা তৈরি করা প্রয়োজন।

পরিকল্পনাতে অবশ্যই প্রাথমিক অগ্নি সুরক্ষা টিপস এবং বিল্ডিং সম্পর্কে তথ্য থাকতে হবে,  
যার মধ্যে রয়েছে নির্মাণের ধরন, অগ্নি নিরাপত্তা ব্যবস্থার ধরন এবং আগুনের ক্ষেত্রে বা  
নির্গমনের সময় বিল্ডিং থেকে বেরিয়ে আসার বিভিন্ন উপায়।



## বিল্ডিং কর্মীদের অবশ্যই:

- প্রতিটি অ্যাপার্টমেন্টের সামনের দরজার ভিতরে পরিকল্পনাটি  
লাগিয়ে রাখুন।

- একটি সাধারণ এলাকায় পরিকল্পনাটি লাগিয়ে রাখুন।

- প্রতিটি ইউনিটে পরিকল্পনার অনুলিপি বিতরণ করুন।

- লিজের সময় নতুন ভাড়াটীদের একটি অনুলিপি প্রদান  
করুন।

- অক্টোবরে অগ্নি প্রতিরোধ সপ্তাহে অগ্নি সুরক্ষা পরিকল্পনাটি  
বার্ষিকভাবে পুনরায় বিতরণ করুন।

## আপনি যেখানে থাকেন সেই প্রকারের বিল্ডিংয়ের সম্পর্কে জানুন

কীভাবে আপনার এবং আপনার প্রিয়জনের আগুন থেকে বাঁচতে পরিকল্পনা করা উচিত সেটি প্রভাবিত হয় আপনি যে ধরনের বিল্ডিংয়ে বাস করেন তার দ্বারা।



আপনার বিল্ডিং অগ্নিরোধী নাকি অ-অগ্নিরোধী, সেই নিশ্চয় না হলে QR কোড স্ক্যান করে ডিপার্টমেন্ট অফ বিল্ডিংস-এর ওয়েবসাইটে যান।

আপনার বিল্ডিং তালিকাভুক্ত না হলে, অনুগ্রহ করে 311 কল করুন।

মনে রাখবেন, আপনার যদি আগুন থেকে আসন্ন বিপদে হয়ে থাকে বা আপনার অ্যাপার্টমেন্টে আগুন জ্বলে, তাহলে অবিলম্বে বেরিয়ে যান এবং 911 নম্বরে ফোন করুন। আপৎকালীন অবস্থার সময় ফায়ার ডিপার্টমেন্টের নির্দেশাবলী সর্বদা শুনুন।

### অ-অগ্নিরোধী বিল্ডিং

আপনি যদি অ-অগ্নিরোধী বিল্ডিংয়ে থাকেন এবং আপনার বিল্ডিংয়ে আগুন লেগে যায়, তাহলে সেটি থেকে অবিলম্বে চলে যাওয়াই নিরাপদ। সাধারণত, অ-অগ্নিরোধী বাড়িতে আগুন বাড়ির একটি অংশ আটকে রাখা সহজ নয় এবং তা দ্রুত ছড়িয়ে পড়তে পারে।

### অগ্নিরোধী বিল্ডিংগুলি

যদি আপনি অগ্নিরোধী বিল্ডিংয়ে থাকেন, সেটিতে সাধারণত নিরাপদ হয়ে থাকে আপনার অ্যাপার্টমেন্টের ভিতরে থাকা কারণ হল ওয়েগুলি ধোঁয়ায় পরিপূর্ণ ও বিপদজনক হয়ে থাকে। সাধারণত অগ্নিরোধী বিল্ডিংগুলিতে আগুন যে অংশ থেকে শুরু হয়েছিল সেই অংশেই আটকে রাখা সম্ভব হয়। এছাড়াও, যদি আপনার অ্যাপার্টমেন্টের নিচে আগুন লেগে থাকে, তাহলে আপনি সিঁড়ি দিয়ে নামতে গিয়ে ক্রমবর্ধমান ভাপ এবং ধোঁয়াতে আটকে পড়ার ঝুঁকিতে পড়তে পারেন।

আপনি অগ্নিরোধী বা অ-অগ্নিরোধী বিল্ডিংয়ে থাকেন কিনা তা জানা শেষ পর্যন্ত একটি জীবন বাঁচাতে পারে।



# আপনি নিরাপদে যে যে পথে বের হতে পারেন, সেগুলি সমস্ত জেনে রাখুন!

আপনি যদি অগ্নিরোধী বিল্ডিংয়ে থাকেন এবং আপনার প্রিয়জনরা আগুন থেকে আসন্ন বিপদে না থাকে বা আপনার অ্যাপার্টমেন্টের ভিতরে আগুন না জ্বলে, তাহলে নিম্নলিখিতগুলি করুন:

- আপনার দরজা বন্ধ রাখুন।
- ডাক্ট টেপ, ভেজা চাদর বা ভেজা তোয়ালে দিয়ে দরজা বা খোলা অংশ সিল করুন।
- এয়ার কন্ডিশনার বন্ধ করে দিন।
- যদি আগুনের শিখা বা ধোঁয়া সরাসরি নীচে থেকে উপরের দিকে না আসে, তাহলে আপনার জানালা কয়েক ইঞ্চি খোলা যেতে পারে।
- জানালা ভাঙ্গবেন না, কারণ আপনাকে পরে সেগুলো বন্ধ করতে হতে পারে।

- 911 এ কল করুন এবং ডেসপ্যাচারকে আপনার অ্যাপার্টমেন্ট নম্বর এবং অবস্থার বিবরণ দিন। ডেসপ্যাচারদের কাছ থেকে পাওয়া নির্দেশাবলী অনুসরণ করুন; তারা সাহায্য করার জন্য প্রশিক্ষিত হয়।

- আগুন বা আপৎকালীন পরিস্থিতিতে ফায়ার ডিপার্টমেন্টের কর্মীদের কাছ থেকে নির্দেশাবলী সর্বদা শুনুন।


আপনি যে ধরনের বিল্ডিংয়ে বাস করেন সে সম্পর্কে তথ্য পেয়ে গেলে, এটিকে আপনার প্রস্থানের পরিকল্পনায় অন্তর্ভুক্ত করুন।



আগুনের ক্ষেত্রে

**✗** যা করবেন না

এলিভেটর ব্যবহার করবেন  
সিঁড়ি ব্যবহার করবেন



## অগেনিকাণ্ড ঘটানোর চারটি প্রধান কারণ এড়িয়ে চলা

### #1 রান্নার সময়ে সুবক্ষা

খাবার রান্না করা হল বাড়ির আগুন এবং আগুনের আঘাতের প্রধান কারণ।



রান্না করার সময়...



যা করবেন

- **করবেন:** রান্না করার সময় আপনার চুলার চারপাশে একটি শিশু-মুক্ত জোন রাখুন।
- **করবেন:** চুলার আশেপাশের জায়গাটি তোয়ালে, গর্ত বা এমন কিছু থেকে পরিষ্কার রাখুন যা স্বলনশীল।
- **করবেন:** নির্দেশিত তাপমাত্রায় রান্না করুন উচ্চ সেটিংসের পরিবর্তে।
- **করবেন:** রান্নার সরঞ্জাম, চুলা এবং চুলার আশেপাশের স্থান নিয়মিত পরিষ্কার করুন।
- **করবেন:** একটি পাত্রের আগুন নেভাতে পাত্রের ঢাকনা এবং/অথবা বেকিং সোডা ব্যবহার করুন।
- **করবেন:** চুলা বন্ধ করুন এবং আগুন লেগে থাকলে প্যানটি ঢেকে দিন।
- **করবেন:** আগুনে বেকিং সোডা ঢেলে দেওয়ার আগে চুলা বন্ধ করে নিন।



যা করবেন না

- **করবেন না:** রান্নার হতে বসানো খাবার খোলা রেখা দেওয়া।
- **করবেন না:** রান্না করার সময় ডিলেটাল পোশাক পরা।
- **করবেন না:** আগুন স্বলছে এমন একটি প্যান তুলে নেওয়া।
- **করবেন না:** প্যানের আগুন নিভানোর জন্য পানি ব্যবহার করা। এটি স্প্ল্যাশ সৃষ্টি করবে এবং আগুনকে ছড়িয়ে দেবে।

# #2 বৈদ্যুতিক সুরক্ষা

ওভারলোড হওয়া আউটলেটগুলি বাড়ির আগুনের অন্যতম প্রধান কারণ। আপনি কি জানেন যে সমস্ত বৈদ্যুতিক আওনের দুই-তৃতীয়াংশই শুরু হয়, কারণ অনেক আইটেম যেমন রেফ্রিজারেটর, এয়ার কন্ডিশনার এবং লাইটের প্লাগ লাগানো থাকে?



এই নিয়মগুলো মেনে চলুন...

✓ **যা করবেন**

- **করবেন:** লাইট ফিক্সচারের জন্য উপযুক্ত ওয়াটেজের লাইট বাল্ব ব্যবহার করুন।
- **করবেন:** ক্ষতি থেকে বৈদ্যুতিক তার রক্ষা করুন।
- **করবেন:** নিশ্চিত করুন যে আপনার বৈদ্যুতিক তার এবং যন্ত্রপাতিগুলিতে (UL) চিহ্ন রয়েছে।
- **করবেন:** ত্রিমুখী আউটলেটে তিন-মুখী বৈদ্যুতিক ডিভাইস ব্যবহার করুন।
- **করবেন:** শুধুমাত্র অস্থায়ী ব্যবহারের জন্য এক্সটেনশন কর্ড ব্যবহার করুন।
- **করবেন:** যখনই একটি বৈদ্যুতিক আউটলেটে পানির উৎসের ছয় ফুটের মধ্যে থাকে (যেমন, সিন্ধ, টাব) তখনই গ্রাউন্ড ফল্ট সার্কিট ইন্টারপটার (ground fault circuit interrupters, GFCI) ব্যবহার করুন।

✗ **যা করবেন না**

- **করবেন না:** ক্ষতিগ্রস্ত বৈদ্যুতিক তার ব্যবহার।
- **করবেন না:** কার্পেট বা গালিচার তলায়, বা বস্তুর চারপাশে বৈদ্যুতিক তার চালাবেন না বা পেরেক থেকে ঝুলিয়ে দেবেন না।
- **করবেন না:** আপনার আউটলেট ওভারলোড করবেন না। এর মধ্যে অন্তর্ভুক্ত হয় পাওয়ার স্ট্রিপগুলি।
- **করবেন না:** বড়-কারেন্টের সরঞ্জামগুলি সহ, গেজ নির্বিশেষে এক্সটেনশন কর্ড ব্যবহার করা।
- **করবেন না:** একই আউটলেটে বা একই সার্কিটে বড়-কারেন্টের সরঞ্জাম, যেমন রেফ্রিজারেটর বা এয়ার কন্ডিশনার প্লাগ করবেন না।

পাওয়ার স্ট্রিপ এবং সার্জ প্রোটেক্টর সবসময় আগুন থেকে রক্ষা করে না। আপনি যদি পাওয়ার স্ট্রিপগুলির উপর খুব বেশি নির্ভর করেন তবে সম্ভবত আপনার বাড়িতে খুব কম আউটলেট আছে এবং সেক্ষেত্রে একজন পেশাদারের সাথে পরামর্শ করতে হবে।

# #3 ধোঁয়ার সুবক্ষা

অসাবধানে ধূমপান অগ্নিকাণ্ডের অন্যতম প্রধান কারণ। ধূমপায়ীদের ক্ষেত্রে অধূমপায়ীদের তুলনায় আগুনের শিকার হওয়ার সম্ভাবনা সাত গুণ বেশি।

## ✓ যা করবেন

- **করবেন:** বড়, গভীর, নন-টিপ অ্যাশট্রে ব্যবহার করুন।
- **করবেন:** গৃহসজ্জার সামগ্রী এবং কুশনগুলি পরীক্ষা করুন যাতে তাতে ধূমায়িত হতে পারে সিগারেটের বাটগুলি না থাকে।
- **করবেন:** সিগারেটের বাটগুলি ফেলে দেওয়ার আগে পানিতে সম্পূর্ণরূপে ডুবিয়ে দিন।



## ✗ যা করবেন না

- **করবেন না:** স্টোরেজের চারপাশে ধূমপান করতে দেওয়া অথবা একটি অক্সিজেন ট্যাংক ব্যবহার।
- **করবেন না:** অ্যাশট্রেতে সিগারেট ছেড়ে রাখা।
- **করবেন না:** একটি কাউচ বা চেয়ারের বাহুতে একটি অ্যাশট্রে রেখে দেওয়া।
- **করবেন না:** বিছানায় বা শুয়ে থাকা অবস্থায় ধূমপান করা।
- **করবেন না:** ধূমপান করবেন না যখন আপনি তন্দ্রাচ্ছন্ন থাকেন বা এমন ওষুধ খান যা আপনার ক্ষেত্রে ঘুম-ঘুম ভাব এনে দেয়।

# #4 লিথিয়াম-আয়ন ব্যাটারির সুবক্ষার টিপস



লিথিয়াম-আয়ন ব্যাটারি বিভিন্ন ডিভাইসে ব্যবহার করা হয়। এই ব্যাটারিগুলি সাধারণত সেল ফোন, ল্যাপটপ, ট্যাবলেট, বৈদ্যুতিক গাড়ি এবং স্কুটারগুলিতে ব্যবহৃত হয়। লিথিয়াম-আয়ন ব্যাটারিগুলি প্রচুর পরিমাণে শক্তি সঞ্চয় করে এবং সঠিকভাবে না রাখলে তা থেকে বিপদ সৃষ্টি হতে পারে। যে কোনো পণ্যের মতোই, এই ব্যাটারির একটি ছোট অংশ ভ্রুটিপূর্ণ থাকে। **এগুলি অতিরিক্ত গরম, আগুন ধরতে বা বিস্ফোরিত হতে পারে।**

- ডিভাইসগুলি কেনার সময়, নিশ্চিত হন যে সরঞ্জামগুলিতে আন্ডাররাইটার্স ল্যাবরেটরি চিহ্ন রয়েছে। UL চিহ্ন দেখায় যে পণ্যটির নিরাপত্তা পরীক্ষা করা হয়েছে।

- চার্জিং এবং স্টোরেজের জন্য প্রস্তুতকারকের নির্দেশাবলী অনুসরণ করুন।

- আপনার বালিশের নীচে, আপনার বিছানায় বা সোফায় রেখে কোনও ডিভাইস চার্জ করবেন না।

- সর্বদা প্রস্তুতকারকের ডিভাইসের জন্য বিশেষভাবে তৈরি করা কর্ড এবং পাওয়ার অ্যাডাপ্টার ব্যবহার করুন।

- ঘরের তাপমাত্রায় ব্যাটারি/ডিভাইস রাখুন। সরাসরি সূর্যের আলোতে রাখবেন না।

- দাহ্য বস্তুগুলি থেকে দূরে ব্যাটারি সংরক্ষণ করুন।

- যদি একটি ব্যাটারি অতিরিক্ত গরম হয় বা আপনি গন্ধ, আকৃতি/রঙে পরিবর্তন, একটি ডিভাইস থেকে ফুটে বা অদ্ভুত শব্দ লক্ষ্য করেন, তাহলে অবিলম্বে তার ব্যবহার বন্ধ করুন। যদি নিরাপদ হয়, তাহলে আগুন ধরতে পারে এমন যে কোনো কিছু থেকে ডিভাইসটিকে দূরে সরান এবং 911 নম্বরে কল করুন।

## ব্যাটারি জঞ্জালে ফেলে দেওয়া

- লিথিয়াম-আয়ন ব্যাটারি ট্রাশে রাখা বা বাড়িতে পুনর্ব্যবহার করা অবৈধ।

- ব্যাটারি রিসাইকেল করুন একটি ব্যাটারি রিসাইক্লিং স্থানে নিয়ে গিয়ে অথবা এই ওয়েবসাইট **nyc.gov/batteries**-এ গিয়ে জঞ্জালে ফেলার নির্দেশাবলী পড়ে নিন, কারণ সেটিই সর্বোত্তম বিকল্প।

- জঞ্জালে ফেলার আগে পৃথকভাবে ব্যাটারি ব্যাগে করে দিন অথবা ব্যাটারির দুই দিকে টেপ লাগিয়ে দিন।

জানুন কী করতে হবে যদি...

## ...আপনাকে পোড়ার চিকিৎসা করতে হবে

খোলা শিখা, গরম তরল, গ্রীস বা গরম পৃষ্ঠের সাথে সরাসরি সংস্পর্শের কারণে পুড়ে যেতে পারে। অনেক পোড়া চোখে যতটা দেখা যায়, তার চেয়ে আরও গভীর হতে পারে এবং সেগুলির তৎক্ষণাত্ চিকিৎসার প্রয়োজন হয়ে থাকে।

## ...আপনার গায়ে আগুন লাগলে



**থামুন**

**হাঁটবেন না বা দৌড়াবেন না।**

এটি আগুনকে আরও বেশি জ্বালিয়ে দেবে!



**মাটিতে**

শুয়ে পড়ুন।



**এদিক-ওদিক**

করে রোল করুন যাতে আগুন নিভে যায়। হাত দিয়ে মুখ ঢেকে রাখুন।



**পোড়া জায়গাটি**

পানি দিয়ে ঠাণ্ডা করুন।



**সাহায্যের জন্য**

911 নম্বরে ফোন করুন।

- অক্রান্ত স্থান থেকে পোশাক সরান, কিন্তু শরীরে আটকে যাওয়া পোশাক সরানোর চেষ্টা করবেন না।

- ঠান্ডা (হিমশীতল নয়) বহমান পানি দিয়ে চিকিৎসা করুন।

- একটি জীবাণুমুক্ত প্যাড বা পরিষ্কার শীট দিয়ে পোড়া অংশটি ঢেকে দিন।

- পোড়া জায়গায় কখনই মলম, গ্রীস বা মাখন লাগাবেন না।

- পোড়া অংশের প্রদাহ এবং সংক্রমণ রোধ করতে অবিলম্বে চিকিৎসা করান।

## ...আপনাকে CPR করতে হবে

শান্ত থাকুন। কাউকে বলুন তৎক্ষণাত্ 911 নম্বরে ফোন করতে। যদি প্রয়োজন হয়, ডেসপ্যাচারের কাছ থেকে নির্দেশাবলীর জন্য অপেক্ষা করুন এবং/অথবা পূর্ববর্তী প্রশিক্ষণের উপর নির্ভর করুন।

নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা বিনামূল্যে জন্য সাইন আপ করতে পারেন 30-মিনিটের কম্প্রেশনের ক্লাসের জন্য - শুধুমাত্র CPR (অনুগ্রহ করে মনে রাখবেন, এই প্রোগ্রামটি

এই সময়ে CPR সার্টিফিকেশন অফার করবেন না)। বিভিন্ন স্থানে সার্টিফাই করা FDNY EMS কর্মীদের দ্বারা সারা বছর ক্লাস করানো হয়। আজ পর্যন্ত, প্রোগ্রামটি সফলভাবে হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে এই জীবন রক্ষার কৌশলে প্রশিক্ষণ দিয়েছে।

আরও জানুন [fdnysmart.org/cpr](http://fdnysmart.org/cpr) ওয়েবসাইট থেকে

মনে রাখবেন: থামুন, মাটিতে শুয়ে পড়ুন, গড়িয়ে যান, ঠাণ্ডা হন এবং পোন করুন 911 নম্বরে

## ঝুঁকিতে থাকা জনগণ

### শিশুরা

শিশুরা একটি ঝুঁকিতে থাকা গোষ্ঠী। আগুন এবং জীবনের নিরাপত্তা সম্পর্কে তাদের শেখানো গুরুত্বপূর্ণ। তিন বছর বয়স থেকে শিশুরা এই বিষয়ে শিক্ষিত হতে শুরু করতে পারে। শিক্ষাটি সহজ রাখুন এবং যে বার্তাগুলি তারা বুঝতে পারে তার উপর সবচেয়ে বেশি জোর দিন:

- আপৎকালীন পরিস্থিতিতে প্রথম প্রতিক্রিয়া যাঁরা দেখান তাঁদের বিশ্বাস করা যেতে পারে। তাদের নির্দেশাবলী অনুসরণ করুন।
- আগুন কখনই একটা খেলনা নয়। আগুন নিয়ে কখনো খেলবেন না।
- আপৎকালীন পরিস্থিতিতে, শান্ত থাকুন। লুকিয়ে থাকবেন না, বাইরে বের হোন। আগুনের ক্ষেত্রে নিজেকে যথাসম্ভব নিচে রাখুন ও বাইরের দিকে যেতে থাকুন।
- শিশুদের প্রশ্নান পরিকল্পনা এবং পারিবারিক ডিলের সাথে জড়িত হতে দিন।



রান্না করার সময় সবসময় সুবক্ষিত বা ছোট হাতার পোশাক পরুন।



## বৃদ্ধগণ

65 বছর বা তার বেশি বয়স্কদের আগুনে মারা যাওয়ার সম্ভাবনা দ্বিগুণেরও বেশি। বয়স্কদেরও আগুন থেকে আহত হওয়ার ঝুঁকি বেশি। প্রবীণ নাগরিকদের মধ্যে আগুনের মৃত্যুর প্রধান তিনটি কারণ হল ধূমপান, গরম করার সরঞ্জাম এবং রান্না। প্রবীণ নাগরিকদের নিরাপদ রাখতে নিচে কিছু টিপস দেওয়া হল।



### যা করবেন

- **অতি অবশ্য** আপনার ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড অ্যালার্ম আছে তা নিশ্চিত করুন।
- **অতি অবশ্য** আপনার সিগারেটের শেমাংশটি সম্পূর্ণরূপে নিভিয়ে ফেলা নিশ্চিত করুন যদি আপনি ধূমপান করেন তবে।
- **অতি অবশ্য** রান্না করার সময় সতর্ক থাকুন।
- **অতি অবশ্য** পুড়ে যেতে পারে এমন বস্তু থেকে স্পেস হিটারগুলি কমপক্ষে 3 ফুট দূরে রাখুন।
- **অতি অবশ্য** চশমা, শয্যার ধারে কাছে শ্রবণযন্ত্র এবং ওয়াকার রাখুন।



### যা করবেন না

- **কখনই** বিছানায় বা শুয়ে থাকা অবস্থায় ধূমপান করবেন না, বিশেষ করে যখন তন্দ্রাচ্ছন্ন থাকেন বা ওষুধ সেবন করেন।
- **কখনই** জ্বলন্ত মোমবাতি ফেলে রেখে যাবেন না।
- **কখনই** মোমবাতি সারা রাত জ্বলিয়ে রাখবেন না।
- **কখনই** আপনার বাড়ি গরম করার জন্য একটি ওভেন, স্টোভটপ, ড্রায়ার বা গ্রিল ব্যবহার করবেন না।
- **কখনই** একটি গ্রীজের থেকে জ্বলা আগুনকে নিভানোর জন্য পানি ব্যবহার করবেন না।
- **কখনই** রান্না করার সময় টিলেচালা পোশাক, যেমন নাইটগাউন বা আলখাল্লার মতো পোশাক পরবেন না।
- **কখনই** গরম করার সরঞ্জাম, যেমন কস্বলের জন্য ক্ষতিগ্রস্ত বা ভাঙ্গা কর্ড ব্যবহার করবেন না।
- **কখনই** বড়-কারেন্ট অ্যাপ্লায়েন্সের সাথে, গেজ নির্বিশেষে, এক্সটেনশন কর্ডগুলি ব্যবহার করবেন না।

মনে রাখবেন: আগুন কখনই একটা খেলনা নয়!

## বসন্ত ও গ্রীষ্ম

বার্ষিকিউ সিজনের আগে এবং সেত সময়ে আপনার গ্রিল পরীক্ষা করে নিল। একবার একটি গ্রিল স্থালানো হলে, সেটি আর খোলা ছেড়ে যাবেন না।

মে মাসে মাদার্স ডে এবং জুনে ফাদার্স ডে-এর সময় পরিবারের সাথে প্রশ্নানের পরিকল্পনা পর্যালোচনা করা উচিত।

প্রতি জুন, FDNY জাতীয় CPR/AED সচেতনতা সপ্তাহ উদ্যাপন করে থাকে। আপনার বরোতে বিনামূল্য ইভেন্টগুলির বিষয়ে খবর রাখুন।

ডিলেঢালা, হাঙ্কা পোশাক এবং একটি টুপি পরে চরম তাপকে পরাজিত করুন। সানস্ক্রিন লাগাতে ভুলবেন না।

নিরাপদে পানি উপভোগ করুন। শুধুমাত্র লাইফগার্ডের কাছাকাছি সাঁতার কাটুন।

ফায়ার হাইড্রেন্ট স্প্রে ক্যাপগুলি হল ঠান্ডা থাকার একটি নিরাপদ এবং মজার উপায়। সেটির জন্য অনুরোধ করতে একটি স্থানীয় ফায়ারহাউসে যান। অনুগ্রহ করে মনে রাখবেন, স্প্রে ক্যাপ পেতে আপনার বয়স 21 বা তার বেশি হতে হবে এবং আইডি দেখাতে হবে।

মনে রাখবেন, এয়ার কন্ডিশনার সরাসরি দেয়ালের আউটলেটে প্লাগ করা উচিত। আপনার এসির জন্য এক্সটেনশন কর্ড ব্যবহার করবেন না।

4 ঠা জুলাই, পেশাদারদেরকে আতশবাজি পোড়াতে দিন। NYC-তে আতশবাজি অবৈধ।

বসন্ত এবং গ্রীষ্মে, পুরিম, পাম সানডে, পাসওভার/পেসাখ, ইন্টার/পাশা, ল্যাগ বোম্বার, রমজান এবং ইদ-উল-ফিতর উদ্যাপন প্রিয়জনকে রক্ষা করার অনন্য সুযোগ প্রদান করে থাকে আগুনের বিপদ থেকে। রান্নার নিরাপত্তা পর্যালোচনা করুন এবং নিশ্চিত করুন যে ধোঁয়া এবং কার্বন-মোনাঅক্সাইড (CO) অ্যালার্ম কার্যকরী অবস্থায় আছে। যদি মোমবাতি ব্যবহার করা হয়, তবে সেগুলিকে কখনই খওলা ফেলে রেখে যাবেন না। পুরিম পোশাকগুলি অগ্নি-প্রতিরোধী হওয়া উচিত। সমস্ত ছুটির জন্য, সজ্জা বা অন্যান্য আইটেম সহ প্রশ্নানের পথ অবরুদ্ধ করবেন না এবং বৈদ্যুতিক আউটলেটগুলিকে ওভারলোড করবেন না।



## হেমন্ত এবং শীত

শীতে ঠান্ডা এবং তুষারময় আবহাওয়ায় বাইরের আগুন স্থালানোর জন্য পিক ফায়ার সিজন, তাই সেটি বিশেষ উদ্বেগের কারণ।

প্রতি অক্টোবর, FDNY অগ্নি প্রতিরোধ সপ্তাহ উদ্যাপন করে। আপনার বরোতে বিনামূল্য ইভেন্টগুলির বিষয়ে খবর রাখুন।

হ্যালোউইন এবং থ্যাঙ্কসগিভিং হল মজার সময়, কিন্তু পরিবারের সদস্যদের সাথে নিরাপত্তা টিপস পর্যালোচনা করে নিতে ভুলবেন না। পোশাক এবং সাজসজ্জা অগ্নি-প্রতিরোধী হতে হবে। রান্নার নিরাপত্তা একটি অগ্রাধিকার হতে হবে।

হিমায়িত আবহাওয়ার সময়, বাইরে আপনার সময় সীমিত করুন। বাইরে গেলে টুপি, গ্লাভস এবং স্কার্ফ পরুন।

বরফের পরিস্থিতিতে পিছলে পড়া এবং পতন এড়াতে সতর্কতা অবলম্বন করুন। তুষারঝড়ের পরে, বেলচা দিয়ে বরফ করার সময় নিরাপদ থাকুন।

তাপমাত্রা যতই কম হোক না কেন হিমায়িত পানির উপর দিয়ে হাঁটবেন না। নিরাপদ বরফ বলে কিছুই হয় না।

মনে রাখবেন, আপনার ঘর গরম করার জন্য কখনই আপনার ওভেন/স্টোভ ব্যবহার করবেন না। স্পেস হিটার ব্যবহার করার

সময়, তাদের বিচ্ছানা এবং অন্যান্য উপকরণ থেকে 3 ফুট দূরে রাখতে ভুলবেন না। স্পেস হিটারকে কখনই এক্সটেনশন কর্ড বা পাওয়ার স্ক্রিপের সাথে সংযুক্ত করবেন না। সাবধানে বৈদ্যুতিক কন্ডল ব্যবহার করুন।

চান্দ্র নববর্ষের সময়, পেশাদারদের আতশবাজির বিষয়টি দেখতে দিন। NYC-তে বাজি অবৈধ।


হেমন্ত ও শীতে, ইয়ম কিপ্পুর, রোশ হাশানা, ক্রিসমাস, চানুকাহ, কোয়ানজা, মকর সংক্রান্তি এবং হোলি-র উদ্যাপন একটি অস্থিতীয় সুযোগ এনে দেয় আপনার প্রিয়জনদের সুরক্ষিত রাখতে আগুনের বিপদ থেকে। রান্নার নিরাপত্তা পর্যালোচনা করুন এবং নিশ্চিত করুন যে ধোঁয়া এবং কার্বন-মোনাঅক্সাইড (CO) অ্যালার্ম কার্যকরী অবস্থায় আছে। যদি মোমবাতি ব্যবহার করা হয়, তবে সেগুলিকে কখনই খওলা ফেলে রেখে যাবেন না। সমস্ত ছুটির জন্য, সাজসজ্জা বা অন্যান্য আইটেম দিয়ে প্রশ্নানের পথগুলিকে ব্লক করবেন না এবং বৈদ্যুতিক আউটলেটগুলিকে ওভারলোড করবেন না।



মনে রাখবেন: সারা বছর মরশুমি টিপস পেতে অনুসরণ করুন @fdny-কে!

# আমাদের প্রস্থানের পরিকল্পনার ম্যাপ


আপনার বাড়ি এবং প্র্যাকটিসে পোস্ট  
করবেন




## নমুনা ম্যাপ

- প্রস্থানের পথ
- ▧ মই
- ▭ জানালা
- / দরজা
- স্মোক অ্যালার্ম
- ⊙ সস্মিলনের স্থল

## দোতলা



## তিন তলা



আরও সূক্ষ্ম টিপস পেতে, [fdnysmart.org](http://fdnysmart.org) ওয়েবসাইটে যান  
এবং অনুসরণ করুন @fdny

দ্রুত আগুন, ধোঁয়া, গাঢ় গন্ধযুক্ত ধোঁয়া, গ্যাসের গন্ধ এবং চিকিৎসাগত জরুরি  
অবস্থা জানাতে 911 নম্বরে ফোন করুন!

আপংকালীন পরিস্থিতি নয় এমন কোনো বিষয় জানাতে 311 নম্বরে ফোন করুন।

